



২ ফেব্রুয়ারি ২০২০-রবিবার বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৫ তম আবর্তনের অভিষেক অনুষ্ঠান ২০২০ বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. পারভীন আক্তার জেমীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং নবীন শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য অনুষ্ঠানে বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকাশনায় নিয়মিত প্রকাশিত 'সাহিত্য-গবেষণা পত্রিকা' এর ৫ম বর্ষ সংখ্যার মোড়ক উন্মোচন করা হয়।